

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৬.১৮-৪৮

তারিখ: ০৮ মাঘ ১৪২৬
২২ জানুয়ারি ২০২০

বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি এর দফা ৩ (খ) মোতাবেক ‘অসদাচারণ (Misconduct)’ এর অভিযোগে বিধি ৭(৯) মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু আপনি জনাব বকুল কুমার রায়, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ক্ষেত্রাল, জয়পুরহাট- বর্ণিত কর্মকর্তার বিবুদ্ধে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮’ এর বিধি ৩ (খ) মোতাবেক ‘অসদাচারণ (Misconduct)’ এর দায়ে বিভাগীয় মামলা বুজু করা হয়। ব্যক্তিগত শুনানীর জবাব সন্তোষজনক না হওয়ায় আপনার বিবুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন। তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লেখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এক্ষণে, কেন আপনাকে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮’ এর বিধি ৪ (৩) (ঘ) মোতাবেক সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from service) করা হবেনা তার কারণ এ বিধিমালার ৭ (১) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ব্যবাবর জানাতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হলো।

১৪/১১২
(রেবেন্ট মুস্তানা)
সিনিয়র সহকারী সচিব
Email: disc1@mefwd.gov.bd

বকুল কুমার রায়
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
ক্ষেত্রাল, জয়পুরহাট

অনুলিপি সদয় অবগতির জন্য (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার ঢাকা-১২১৫। (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারীর প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, জয়পুরহাট (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারীর পূর্বক/জারির প্রতিবেদন প্রয়োজনে অভিযুক্ত কর্মকর্তার সর্বশেষ বাসস্থানে প্রদত্ত নমুনা অনুযায়ী নথিক্ষণে জারীপূর্বক) মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। ডেনা হিসাব রচন কর্মকর্তা, জয়পুরহাট।
- ৫। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।